

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য -১ অধিশাখা
www.mofl.gov.bd

নং: ৩৩.০০.০০০০.১২৬.০৫.০৫৬.১৫-২৩০

তারিখঃ ২৭ বৈশাখ ১৪২৩
১০ মে ২০১৬

অফিস আদেশ

মৎস্য অধিদপ্তরের বিসিএস (মৎস্য) ক্যাডারে স্থায়ীভাবে সৃজিত বিভিন্ন গ্রেডের ৬৩৭ (ছয়শত সাইত্রিশ)টি পদের মধ্যে উপপরিচালক সমমানের ৪র্থ বেতন গ্রেডের ০৩(তিন)টি কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজার এর পদ সৃজন করা হয়। উক্ত পদটি কোয়ালিটি কন্ট্রোল ল্যাব, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, মৎস্য অধিদপ্তর ঢাকা/চট্টগ্রাম/খুলনা দপ্তরের দপ্তর প্রধান হিসেবে সৃজন করা হয় এবং বর্ণিত পদ তিনটিতে বিসিএস(মৎস্য) ক্যাডারের ০৩(তিন) জন কর্মকর্তাকে পদায়ন করা হয়। এ প্রেক্ষিতে মৎস্য অধিদপ্তর বিদ্যমান তিনটি মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ দপ্তরের প্রতিটি দপ্তর পৃথক দুটি করে মোট ৬টি দপ্তর যথা- উপপরিচালকের কার্যালয়, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ দপ্তর ঢাকা/চট্টগ্রাম/খুলনা এবং কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজারের কার্যালয়, কোয়ালিটি কন্ট্রোল ল্যাব, মৎস্য অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/খুলনা নামে পরিচিত হবে বিধায় বিদ্যমান জনবল দপ্তর ভিত্তিক পুনর্বিন্যাস করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, মৎস্য অধিদপ্তরের ফিসারিজ কোয়ারেন্টাইন অফিসারের কার্যালয়, তিনটি মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ দপ্তরের বিদ্যমান জনবল দপ্তরভিত্তিক পুনর্বিন্যাস এবং বিদ্যমান পদের দায়িত্ব-কর্তব্য, কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজারকে সংশ্লিষ্ট দপ্তরের দপ্তর প্রধান ও আয়ন-ব্যয়ন কর্মকর্তার ক্ষমতা অর্পণ বিষয়ে নিম্নোক্ত আদেশ জারী করা হলোঃ

(১) উপপরিচালক, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ দপ্তর এবং কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজার, কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজার এর কার্যালয়ের পুনর্বিন্যাসকৃত প্রশাসনিক ব্যবস্থা অনুমোদন করা হলো (সংলাগ-ক)।

(২) কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজার-কে কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজার এর কার্যালয় ঢাকা/চট্টগ্রাম/খুলনা এর দপ্তর প্রধান হিসেবে ঘোষণা এবং সংশ্লিষ্ট দপ্তরের আয়ন-ব্যয়ন কর্মকর্তার ক্ষমতা অর্পণ করা হলো (সংলাগ-খ)।

(৩) আমদানীকৃত/আমদানীতব্য জীবিত মৎস্য রেণু, পোনা বা পিএল মৎস্য সম্প্রসারণ বিষয়ক কার্যক্রম সংশ্লিষ্ট বিধায় দেশের বিভিন্ন বিমানবন্দর, স্থলবন্দর এবং সমুদ্রবন্দরে কর্মরত ফিসারিজ কোয়ারেন্টাইন অফিসারগণ-কে সংশ্লিষ্ট জেলার মৎস্য বিষয়ক প্রধান নির্বাহী জেলা মৎস্য কর্মকর্তার অধীনে ন্যস্ত করা হলো এবং এলক্ষ্যে প্রস্তুতকৃত ফিসারিজ কোয়ারেন্টাইন অফিসারের দপ্তরের প্রশাসনিক ব্যবস্থা অনুমোদন করা হলো (সংলাগ-গ)।

(৪) উপপরিচালক, মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ দপ্তর, কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজার, কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজারের কার্যালয় এবং ফিশারিজ কোয়ারেন্টাইন অফিসার, ফিশারিজ কোয়ারেন্টাইন অফিসারের দপ্তরের পুনর্বিন্যাসকৃত জনবলের পদের দায়িত্ব-কর্তব্য অনুমোদন করা হলো (সংলাগ-ঘ)।

সংযুক্তিঃ ০৮ (আট) পৃষ্ঠা।


(সৈয়দ মেহদী হাসান)

উপসচিব

টেলিঃ ৯৫৭৭২৬২

অপর পৃষ্ঠা দ্রষ্টব্যঃ

